গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-১১
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০২৮.১১.০০১৫.২৬.১২৯

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩
২৭ আগস্ট ২০২৬

**বিষয়: নিয়োগ বাচাই কমিটিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি প্রসঙ্গে**

গত ১৯/০৩/২০২৬ খ্রি. তারিখের পত্রিকার বিজ্ঞপ্তি মোতাবেক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০২.১১.০৫৫.২৬.৫০২১/৪৫৩০, তাং-২১/০৫/২০২৬খ্রি. মূলে অধ্যক্ষ, সাহেবগঞ্জ টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ উপজেলাঃ সদর, জেলাঃ রংপুর - এর আবেদনের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠানটিতে এইচএসসি (বিএম) শিক্ষাক্রমে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬ [ভোকেশনাল, ব্যবসায় ব্যবস্থাপনা (ভোক), কৃষি ডিপ্লোমা ও মৎস ডিপ্লোমা] অনুযায়ী 'অফিস সহকারী কাম-হিসাব সহকারী' পদে ০১ জন, 'অফিস সহকারী কাম-কিম্পিউটার অপারেটর' পদে ০১ জন, 'পরিচ্ছন্নতা কর্মী' পদে ০১ জন, 'আয়া' পদে ০১ জন এবং 'নৈশ প্রহরী' পদে ০১ জন নিয়োগের লক্ষ্যে গঠিত নিয়োগ-বাছাই কমিটিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি হিসেবে জনাব খন্দকার মোঃ নাহিদ হাসান, পরিচালক (উপসচিব), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, রংপুর অঞ্চল, রংপুর -কে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হল।

২। গত ১৯/০৩/২০২৬খ্রি. তারিখ জাতীয় পত্রিকায় "দৈনিক খবর পত্র" এবং স্থানীয় পত্রিকায় "দৈনিক প্রথম খবর"-এ 'অফিস সহকারী কাম-হিসাব সহকারী' পদে ০১ জন, 'অফিস সহকারী কাম-কিম্পিউটার অপারেটর' পদে ০১ জন, 'পরিচ্ছন্নতা কর্মী' পদে ০১ জন, 'আয়া' পদে ০১ জন এবং 'নৈশ প্রহরী' পদে ০১ জন নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করেন।

৩। নিয়োগ কমিটিতে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধির অন্তর্ভুক্তি শিক্ষক/কর্মচারীর এমপিও ভুক্তির নিশ্চয়তা প্রদান করে না।

৪। মনোনীত কর্মকর্তা সংশ্লিষ্ট নিয়োগ বাছাই - এর ক্ষেত্রে নিম্নে বর্ণিত সরকারী বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করবেন।

(ক) নিয়োগের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় হতে জারিকৃত জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬ [ভোকেশনাল, ব্যবসায় ব্যবস্থাপনা (বিএম), কৃষি ডিপ্লোমা ও মৎস ডিপ্লোমা] এতদসংক্রান্ত পরিপত্র, প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য বিধানাবলী অনুসরণ করতে হবে।

(খ) বাছাই পরীক্ষার উপর নির্ধারিত ছকে প্রতিবেদন তৈরী পূর্বক এ শাখায় প্রেরণ করবেন।

(গ) উল্লেখ যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত বৈধ প্রার্থীদের তালিকার বাইরে অন্য কাউকে নিয়োগ প্রদান করা যাবে না। বৈধ প্রার্থীর তালিকা এতদসঙ্গে সংযুক্ত করা হল।

৫। প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট নিয়োগ বাছাই - এর ক্ষেত্রে নিম্নে বর্ণিত সরকারী বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করবেন।

(ক) এমপিওভুক্তির প্রস্তাব প্রেরণের সময় নির্বাচনী পরীক্ষার ফলাফলের মূলকপি, ডিজি মহোদয়ের প্রতিনিধি মনোনয়নের অফিস আদেশের কপি প্রেরণ করতে হবে।

(খ) নিয়োগ প্রদানের ১(এক) মাসের মধ্যে টেবুলেশন শীট, নিয়োগ-বাছাই কমিটির রেজুলেশন এর সত্যায়িত কপি অত্র দপ্তরের এমপিও শাখায় জমা দিতে হবে।

৬। শিক্ষা মন্ত্রণালয় স্মারক নং-শিম/শা:১৩/এমপিও/৩০%-৭/২০০৯/১৯৬, তারিখ: ০৭-০৮-২০১২ইং মোতাবেক জারিকৃত এমপিও সংক্রান্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ-৪ এর গ-উপানুচ্ছেদ (৩) মোতাবেক সর্বশেষ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ০৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। অন্যথায় গৃহীত নিয়োগ কার্যক্রম বাতিল হয়ে যাবে।

Skhan
২৭-০৮-২০২৬
মোহাম্মদ সাইফুল হক খান
সহকারী পরিচালক (এমপিও)

অধ্যক্ষ
সাহেবগঞ্জ টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ উপজেলাঃ সদর, জেলাঃ রংপুর।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০২৮.১১.০০১৫.২৬.১২৯/১ (৫)

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩
২৭ আগস্ট ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২। পরিচালক (উপসচিব), আঞ্চলিক পরিচালক এর দপ্তর, আঞ্চলিক পরিচালকের কার্যালয় রংপুর।
৩। সভাপতি, সাহেবগঞ্জ টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ উপজেলা-সদর, জেলা-রংপুর।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।
৫। রংপুর-২, নথি (সংশ্লিষ্ট/সংরক্ষণ)।

২৭-০৮-২০২৬
মোহাম্মাদ সাইফুল হক খান
সহকারী পরিচালক (এমপিও)